গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
উন্নয়ন-১ অধিশাখা
www.emrd.gov.bd

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৩০.১৬.০০৮.২২- ৯০

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০
১১ জুন ২০২৩

বিষয়: **মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য গঠিত কমিটির মে, ২০২৩ মাসের প্রতিবেদন।**

সূত্র: প্রশাসন-২ অধিশাখার অফিস আদেশ নং-২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.১৩৮, তারিখ: ২২-০৩-২০২৩।

উপর্যুক্ত বিষয়ে ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং' কমিটির মে, ২০২৩ মাসের প্রতিবেদন পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১১/৬/২০২৩
(মোছা: লায়লাতুন ফেরদৌস)
উপসচিব
ফোন: ৯৫৫০৮৯৮
ইমেইল: emrd.dev1@gmail.com

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যান, পেট্রোবাংলা, পেট্রোসেন্টার, কারওয়ান বাজার, ঢাকা
২। যুগ্মসচিব, প্রশাসন-২, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
৩। ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স
৪। ব্যবস্থাপনা পরিচালক, বিজিএফসিএল
৫। ব্যবস্থাপনা পরিচালক, এসজিএফএল
৬। প্রোগ্রামার,আইসিটি শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)

স্মারক নম্বর: ২৮.০০.০০০০.০৩০.১৬.০০৮.২২- ৯০

তারিখ: ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০
১১ জুন ২০২৩

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
২। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। যুগ্মসচিব (অপারেশন-২)-এর ব্যক্তিগত কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

১১/৬/২০২৩
(মোছা: লায়লাতুন ফেরদৌস)
উপসচিব

মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য গঠিত কমিটির

**মে, ২০২৩ মাসের প্রতিবেদন**

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে মনিটরিং কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২২ মার্চ, ২০২৩ তারিখের ২৮.০০.০০০০.০২১.৪৫.০০১.২২.১৩৮/১(৬০) সংখ্যক অফিস আদেশ বলে **(সংযুক্তি-০১)** মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং এর জন্য নিম্নোক্ত কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি পুনর্গঠন করা হয়ঃ

১) জনাব শাহিনা খাতুন, অতিরিক্ত সচিব (পরিকল্পনা), জ্বাখসবি - আহ্বায়ক।
২) জনাব মোঃ জাকির হোসেন, যুগ্মসচিব (উন্নয়ন-২), জ্বাখসবি - সদস্য।
৩) মোছাঃ লায়লাতুন ফেরদৌস, উপসচিব (উন্নয়ন-১), জ্বাখসবি - সদস্য।
৪) জনাব ইকবাল হোসেন রবিন, ব্যবস্থাপক (ডিপিডি), পেট্রোবাংলা - সদস্য-সচিব।

কার্যপরিধি অনুযায়ী কমিটি মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন কার্যক্রমের ওপর প্রতিমাসে অন্তত একটি মনিটরিং প্রতিবেদন দাখিলসহ ২০২২-২৩ অর্থবছরের এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সুপারিশ প্রদান করবে।

২.০। **উৎপাদন লক্ষ্যমাত্রাঃ**

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের স্বাক্ষরিত ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর অন্যতম কৌশলগত উদ্দেশ্য 'জ্বালানির উৎপাদন ও আহরণ বৃদ্ধিকরণ' এবং এর পরিপ্রেক্ষিতে গ্যাস উৎপাদন কার্যক্রমের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে, যাহা নিম্নরূপঃ

(ক) বাংলাদেশ তৈল, গ্যাস ও খনিজ সম্পদ করপোরেশন (পেট্রোবাংলা) এর আওতাধীন তিনটি জাতীয় গ্যাস উৎপাদন কোম্পানির মাধ্যমে সমন্বিত গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **২২০.০০ বিলিয়ন ঘনফুট** (বিসিএফ) এবং

(খ) পেট্রোবাংলা'র সাথে আন্তর্জাতিক তেল কোম্পানি (আইওসি)-সমূহের স্বাক্ষরিত উৎপাদন বন্টন চুক্তি, তথা Production Sharing Contract (PSC)-এর আওতায় বাংলাদেশে কর্মরত কোম্পানিসমূহের পরিচালিত গ্যাসক্ষেত্রসমূহ হতে উৎপাদিত গ্যাসের উৎপাদন লক্ষ্যমাত্রা **৫০০.০০ বিলিয়ন ঘনফুট** (বিসিএফ)।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-তে গ্যাস উৎপাদনের উক্ত দু'টি লক্ষ্যমাত্রা স্বতন্ত্রভাবে নির্ধারণ করে আলাদা আলাদা মান নির্ধারণ করা হয়েছে।

৩.০। **গ্যাস উৎপাদন কার্যক্রমের অগ্রগতিঃ**

৩.১। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় জাতীয় তিনটি গ্যাস কোম্পানির মাধ্যমে গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা ২২০.০০ বিসিএফ নির্ধারণ করা হয়েছে, যার দৈনিক গড় ০.৬০৩ বিসিএফ। এ প্রেক্ষিতে মে, ২০২৩ মাসে গ্যাস উৎপাদন হয়েছে **২৪.৪৬১২ বিসিএফ**, যার দৈনিক গড় **০.৭৮৯** বিসিএফ। অর্থাৎ মে, ২০২৩ মাসে দৈনিক গড়ের লক্ষ্যমাত্রার তুলনায় অধিক হারে গ্যাস উৎপাদিত হয়েছে। জাতীয় কোম্পানিসমূহের গ্যাসক্ষেত্র ভিত্তিক মে, ২০২৩ মাসের গ্যাস উৎপাদনের চিত্র নিম্নরূপঃ

এককঃ বিসিএফ

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপসংখ্যা | গ্যাস উৎপাদন (মে, ২০২৩) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানি লিঃ (বাপেক্স)* | | | | |
| ১। | সালদানদী | ৩ | ০.১১৩ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.২৮ বিসিএফ বৃদ্ধি পেয়েছে। |
| ২। | ফেঞ্চুগঞ্জ | ২ | ০.৩৮৪ | |
| ৩। | শাহবাজপুর | ৫ | ১.৩৯৫ | |
| ৪। | সেমুতাং | ১ | ০.০২৩ | |
| ৫। | শাহজাদপুর-সুন্দলপুর | ১ | ০.২৫০ | |
| ৬। | শ্রীকাইল | ৪ | ১.০৩৮ | |
| ৭। | বেগমগঞ্জ | ১ | ০.২৫৫ | |
| **উপ-মোট গ্যাস উৎপাদন** | | **১৭** | **৩.৪৬** | |

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপ সংখ্যা | গ্যাস উৎপাদন (মে, ২০২৩) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *বাংলাদেশ গ্যাস ফিল্ডস লিঃ (বিজিএফসিএল)* | | | | |
| ৮। | তিতাস | ২১ | ১১.৮৮ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ১.৪৭ বিসিএফ বৃদ্ধি পেয়েছে এবং ওয়েলহেড কম্প্রেসরের মাধ্যমে উৎপাদনের হার বজায় রাখা হচ্ছে। |
| ৯। | বাখরাবাদ | ৬ | ১.০২ | |
| ১০। | হবিগঞ্জ | ৭ | ৪.৩৪ | |
| ১১। | নরসিংদী | ২ | ০.৮০ | |
| ১২। | মেঘনা | ১ | ০.১০ | |
| | **উপ-মোট গ্যাস উৎপাদন** | ৩৭ | ১৮.১৪ | |
| *সিলেট গ্যাস ফিল্ডস লিঃ (এসজিএফএল)* | | | | |
| ১৩। | হরিপুর | ৩ | ০.১৬৯৪ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.০৭৩৪ বিসিএফ বৃদ্ধি পেয়েছে। |
| ১৪। | কৈলাশটিলা | ৩ | ০.৮৮০৪ | |
| ১৫। | রশিদপুর | ৫ | ১.৩৬৭৮ | |
| ১৬। | বিয়ানীবাজার | ২ | ০.৪৪৩৬ | |
| | **উপ-মোট গ্যাস উৎপাদন** | ১৩ | ২.৮৬১২ | |
| | **সর্বমোট গ্যাস উৎপাদন (দেশীয়)** | ৬৭ | ২৪.৪৬১২ | |


৩.২। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর আওতায় বাংলাদেশে কর্মরত দুইটি আন্তর্জাতিক তেল কোম্পানির মাধ্যমে গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা **৫০০ বিসিএফ** নির্ধারণ করা হয়েছে, যার দৈনিক গড় **১.৩৭০ বিসিএফ**। এ প্রেক্ষিতে মে, ২০২৩ মাসে গ্যাস উৎপাদন হয়েছে ৪১.৫১৪ বিসিএফ, যার দৈনিক গড় **১.৩৩৯** বিসিএফ। অর্থাৎ মে, ২০২৩ মাসে দৈনিক গড়ের লক্ষ্যমাত্রার তুলনায় কমহারে গ্যাস উৎপাদিত হয়েছে।

উৎপাদন বন্টন চুক্তি (পিএসসি)'র আওতায় বর্তমানে ২টি আইওসি'র মাধ্যমে পরিচালিত ৪টি গ্যাসক্ষেত্র হতে মে, ২০২৩ মাসের গ্যাস উৎপাদনের চিত্র নিম্নরূপ:


এককঃবিসিএফ

| ক্রমিক নম্বর | গ্যাসক্ষেত্রের নাম | উৎপাদনরত কূপ সংখ্যা | গ্যাস উৎপাদন (এপ্রিল, ২০২৩) | মন্তব্য |
|---|---|---|---|---|
| *শেভরণ বাংলাদেশ লিঃ* | | | | |
| ১। | বিবিয়ানা | ২৬ | ৩৪.২২৬ | রিজার্ভ Declining Stage -এ রয়েছে এবং পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ৩.৫৯৩ বিসিএফ বৃদ্ধি পেয়েছে। |
| ২। | জালালাবাদ | ৫ | ৫.৩০৪ | |
| ৩। | মৌলভীবাজার | ৪ | ০.৫২৯ | |
| | উপ-মোট গ্যাস উৎপাদন | ৩৫ | **৪০.০৬০** | |
| *তাল্লো বাংলাদেশ লিঃ* | | | | |
| ৪। | বাঙ্গুরা | ৫ | ১.৪৫৪ | পূর্বের মাসের তুলনায় গ্যাস উৎপাদন ০.২১৬ বিসিএফ বৃদ্ধি পেয়েছে। |
| | **সর্বমোট গ্যাস উৎপাদন (আইওসি)** | ৪০ | **৪১.৫১৪** | |

৩.৩। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত মনিটরিং কমিটির সদস্য ও জ্বাখসবি'র যুগ্মসচিব (উন্নয়ন-২) জনাব মোঃ জাকির হোসেন মহোদয়ের সিলেট গ্যাস ক্ষেত্রের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থাপনা (গ্যাস ক্ষেত্রের উৎপাদন ব্যবস্থাপনা, MSTE প্লান্টের কার্যক্রম ও সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি) পরিদর্শনের স্থির চিত্র নিম্নে প্রদান করা হলঃ



হরিপুর গ্যাস ক্ষেত্র পরিদর্শন



কৈলাশটিলা গ্যাস ক্ষেত্রের MSTE প্লান্ট পরিদর্শন

৩.৪। জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়নের লক্ষ্যে গঠিত 'মাসিক ভিত্তিতে গ্যাস উৎপাদন মনিটরিং' কমিটির একটি সভা ০৮-০৬-২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) দেশীয় ও বাংলাদেশে কর্মরত আন্তর্জাতিক গ্যাস উৎপাদন কোম্পানির মে, ২০২৩ মাসের গ্যাস উৎপাদন ব্যবস্থা পর্যালোচনায় দেখা যায় যে, সচল উৎপাদন ব্যবস্থা বজায় রয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-এর ২০২২-২৩ অর্থবছরের গ্যাস উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে এ উৎপাদন ধারা বজায় রাখতে হবে এবং এ বিষয়ে সকল গ্যাস উৎপাদন কোম্পানিকে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য পেট্রোবাংলা-কে নির্দেশনা প্রদান করা যেতে পারে।

(খ) বাংলাদেশে কর্মরত আন্তর্জাতিক তৈল কোম্পানি (IOC) সমূহের গ্যাস উৎপাদন ক্রমাগতভাবে হ্রাস। উৎপাদন বৃদ্ধির জন্য প্রয়োজনীয় উন্নয়নমূলক কর্মকান্ড গ্রহণের নিমিত্ত যথাযথ ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে পেট্রোবাংলা-কে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের নির্দেশনা প্রদান করা যেতে পারে।

(গ) ক্রমবর্ধমান গ্যাস চাহিদার নিরসনকল্পে এবং নিরবচ্ছিন্ন গ্যাস উৎপাদন ব্যবস্থা বজায় রাখার জন্য সকল গ্যাস উৎপাদন কোম্পানি-কে ভবিষ্যৎ পরিকল্পনা গ্রহনপূর্বক প্রতিপালনে সচেষ্ট থাকতে হবে। এ বিষয়ে পেট্রোবাংলা-কে যথাযথ ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা যেতে পারে।

11/06/23
প্রকৌ. ইকবাল হোসেন রবিন
ব্যবস্থাপক (ডিপিডি)
পেট্রোবাংলা

১১/০৬/২০২৩
মোছাঃ লায়লাতুন ফেরদৌস
উপসচিব (উন্নয়ন-১)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১/০৬/২৩
মোঃ জাকির হোসেন
যুগ্মসচিব (উন্নয়ন-২)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

১১/৬/২৩
শাহিনা খাতুন
অতিরিক্ত সচিব (পরিকল্পনা)
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ